গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
রংপুর।
(Email:rangpur@cs.dghs.gov.bd)

স্মারক নং-সিএস/রং/প্রশাঃ/নিয়োগ-৩য় ও ৪র্থ শ্রেনী/৩০/২৪/৮৬০ তারিখঃ ২৪/০৩/২০২৪ খ্রিঃ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০০৪.২৪-১৬১ তারিখ:- ১৮/০১/২০২৪খ্রিঃ মোতাবেক সিভিল সার্জন কার্যালয় রংপুর ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান সমূহের জন্য সরাসরি নিয়োগযোগ্য ১৫৯ (একশত উনষাট) টি শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র মোতাবেক রংপুর জেলার স্থানীয় বাসিন্দাদের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে ২০১৮ সনের স্বাস্থ্য বিভাগীয় নিয়োগ বিধি অনুযায়ী স্থায়ী রাজস্ব খাতে বিভিন্ন গ্রেড ভিত্তিক অস্থায়ীভাবে নিম্নোক্ত শর্তাদি স্বাপেক্ষে অনলাইন (**http://csrangpur.teletalk.com.bd**) ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, | গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | পরিসংখ্যানবিদ | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ০৫ | অনূর্ধ্ব ৩০বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গনিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২ | কোল্ড চেইন টেকনিশিয়ান | গ্রেড-১৫<br>৯৭০০-২৩৪৯০/- | ০১ | অনূর্ধ্ব ৩০বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে রেফ্রিজারেশন বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩ | স্টোর কিপার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৬ | অনূর্ধ্ব ৩০বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সরকারি বিধি অনুযায়ী জামানত |
| ৪ | স্বাস্থ্য সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১৪৪ | অনূর্ধ্ব ৩০বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | ড্রাইভার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৩ | অনূর্ধ্ব ৩০বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) হালকা গাড়ি চালোনার বিআরটিএ কর্তৃক বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। |

**শর্তাবলীঃ-**

১। বিশেষ নির্দেশনা ঃ-

১.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রংপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

১.২ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ সমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি, নীতি ও কোটা পদ্ধতি অনুসরন করা হবে।

১.৩ উক্ত নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মোতাবেক লিখিত ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

১.৪ কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষন করে।

১.৫ স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ২০১৮ খ্রিঃ সনের রংপুর জেলার জন্য প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী আবেদন করিয়াছেন সে সকল আবেদনকারীগণকে পুনরায় আবেদন করার প্রয়োজন হবে না অর্থাৎ তাদের পূর্বের আবেদন বহাল থাকবে।

CamScanner

১.৬ প্রার্থীগণ রংপুর সিভিল সার্জন বরাবরে আবেদন করবেন। একজন প্রার্থী কেবল মাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গন্য হবে। নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে কোন প্রার্থী কোন অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর প্রার্থীতা সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

১.৭ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১.৮ বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদ অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/ উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরুপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহন যোগ্য হবে না।উল্লেখ যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌর সভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদপত্র/প্রত্যায়ন দেখাতে হবে।

১.৯ শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

১.১০ আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীর ক্ষেত্রে সরকারি বিধিবিধান অনুসরণ পূর্বক জেলা কমান্ড্যান্ট/জেলা আনসার অ্যাডজুডেন্ট কর্তৃক প্রদত্ত কমপক্ষে ২১ (একুশ) দিনের মৌলিক প্রশিক্ষণ সনদপত্র দাখিল করতে হবে।

১.১১ ক্ষুদ্র নৃ- গোষ্ঠির প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.১২ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্র প্রদর্শন পূর্বক দাখিল করতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটার স্বপক্ষে সনদপত্রের মূল কপি, আনলাইনের আবেদন কপি এবং এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ও জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ এর সত্যায়িত অনুলিপি উপস্থাপন করতে হবে । নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি বিধান এবং কোটা সংক্রান্ত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমানক প্রদর্শন করতে হবে।

১.১৩ সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রসেস করা হবে। অন্য কোন ভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি গ্রহন করা হবে না।

১.১৪ স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে অনলাইন আবেদনে প্রার্থী যে ইউনিয়ন ও ওয়ার্ডের (পুরাতন ওয়ার্ড) জন্য আবেদন করবেন তাকে সে ইউনিয়ন ও ওয়ার্ডের (পুরাতন ওয়ার্ড) স্থায়ী বাসিন্দা হতে হবে। অন্য ইউনিয়ন বা ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন বা ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ইউনিয়ন বা ওয়ার্ডের যোগ্য প্রার্থীকে নির্বাচন করা হবে।

১.১৫ স্বাস্থ্য সহকারী পদে উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ড ভিত্তিক শূন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস, রংপুর এর ওয়েব পোর্টাল (www.cs.rangpur.gov.bd) এবং সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১.১৬ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন, সংযোজন, বিয়োজন বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষন করেন।

১.১৭ লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২। <u>বয়সসীমা নির্ধারণঃ-</u>

২.১ আবেদনকারীর বয়স ২৮/০৩/২৪ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮(আঠারো) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে।

২.২ বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগনের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ১৮ বছর থেকে ৩২ বছর এর মধ্যে হতে হবে। বয়স প্রমানের জন্য জাতীয় পরিচয় পত্র অথবা জন্ম নিবন্ধন এ প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

৩। <u>নাগরিকত্বঃ-</u>

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমানক হিসাবে জাতীয় পরিচয়পত্র(NID) বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশনের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

CamScanner

৩.২ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা ( Permanent Address) যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার হয় তবে সে ক্ষেত্রের প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয় পত্র (NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

৪। <u>অনলাইনে আবেদন পূরণ সংক্রান্ত নিয়মাবলী/ শর্তবলী ও সময়সীমাঃ-</u>

৪.১ আগ্রহী প্রার্থীকে **(http://csrangpur.teletalk.com.bd)** এ ওয়েবসাইটে অনলাইনে প্রকাশিত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম পূরণ করতে হবে।

i) Online - এ আবেদন ফরম পূরন ও পরীক্ষার ফি জমার শুরুর তারিখ ও সময় ২৮/০৩/২০২৪ খ্রিঃ সকাল ১০ ঘটিকা হতে।

ii) Online - এ আবেদন করার শেষ তারিখ ও সময় ২২/০৪/২০২৪খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগন কে Online -এ আবেদন submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস- এ পরীক্ষার ফি জমা দিতে হবে।

৪.২ Online আবেদনপত্র প্রার্থী তার সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ ৩০০x প্রস্থ ৩০০ Pixel ) ও স্বাক্ষর (দৈর্ঘ ৩০০x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধরিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

৪.৩ প্রার্থী Online - এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন।

৪.৪ Online - এ আবেদনপত্রে পূরণকৃত সকল তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online - এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৪.৫ **SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online - এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Singnature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষন করবেন। Applicant's Copyতে একটি User Id নম্বর দেয়া থাকবে এবং User Id নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে ১৪-১৬তম গ্রেডের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা, Teletalkএর সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকা, মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা, অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

**প্রথম SMS ঃ** CSRANGPUR < Space> User ID লিখে send করতে হবে 16222
Example ঃ CSRANGPUR ABCD এবং16222 নম্বরে send করতে হবে
Replyঃ Applicant's Name, tk 223 will be charge as Application fee. Your PIN is xxxxxxxx. To pay fee Type CSRANGPUR< Space > Yes< space> PIN and send 16222।

**দ্বিতীয় SMS ঃ** CSRANGPUR < Space > Yes< space> PIN লিখে send করতে হবে 16222।
Example ঃ CSRANGPUR Yes 12345678 এবং 16222 নম্বরে send করতে হবে।
Reply Congratulation Applicant's Name, payment complete successfully for CSRANGPUR Application for, post name. User Id is (ABCD) and PIN (xxxxxxxx).

৪.৬ Online - এ আবেদন কোন সমস্যা হলে teletalk নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.quary@ teletalk.com.bd ই- মেইল-এ যোগাযোগ করা যাবে। লিখিত ,মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার নোটিশ প্রার্থীদের মোবাইলে SMS এর মাধ্যমে ও ওয়েবসাইট (cs.rangpur.gov.bd) এর মাধ্যমে জানানো হবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজ <u>http://www.facebook.com/alljobsbd</u> Teletalk এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে অথবা বা alljobs.quary@ teletalk.com.bd এই ই-মেইললে যোগাযোগ করা যাবে। Mail মেসেজ এর subject Organization Name: Csrangpur,Post Name, Applicant" s User Id ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

৪.৭ বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও (www.cs.rangpur.gov.bd) ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান- এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল <u>https://alljobs.teletalk.com.bd</u> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। উল্লেখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

CamScanner

৪.৮ SMS- এ প্রেরিত User Id এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম,ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

৪.৯ শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User Id জানা থাকলে: CSRANGPUR< Space > Help< space>User Id & Send to 16222.
Example: CSRANGPUR HELP USER ABCDEF

ii)PIN Number জানা থাকলে: CSRANGPUR< Space > Help< space> PIN< space> PIN No & Send to 16222.
Example: CSRANGPUR HELP PIN 12345678

৪.১০ ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা যাবে।

৫। অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।


(ডাঃ মোঃ ওয়াজেদ আলী)
সিভিল সার্জন, রংপুর
সদস্য সচিব।
৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ কমিটি।
সিভিল সার্জন কার্যালয়, রংপুর।
(Email:rangpur@cs.dghs.gov.bd)
ফোন নং- +৮৮০২৫৮৯৯৬১৫২৯